দৈনিক ইনকিলাব

195

তারিখ ... MAY. 7 1999
পৃঃ ১ কলাম ৫

শামীম-বাবু ২ জনকেই বহিষ্কার

# সাড়ে ৩ ঘন্টা পর বাবু গ্রুপ আবার জহুরুল হক হল দখল করে নেয়

**স্টাফ রিপোর্টার ঃ** শামীম গ্রুপ জহুরুল হক হল দখল করার সাড়ে ৩ ঘন্টা পর গতকাল (বৃহস্পতিবার) রাত সাড়ে ১০টায় ছাত্র লীগ ক্যাডার বাবু আবার জহুরুল হক হল দখল করে নিয়েছে। এর আগে সন্ধ্যা ৭টায় বাবু গ্রুপকে তাড়িয়ে শামীম গ্রুপ হলটি দখল করে। রাত সাড়ে ১০টায় ছাত্র লীগের ৩ জন শীর্ষ স্থানীয় নেতার আশ্রয়ে পুলিশের সহযোগিতায় বাবু হঠাৎ হল গেটে গিয়ে গুলী বর্ষণ করে। তখন গেটে অবস্থানকারী শামীম গ্রুপের নেতা ও এস এম হলের সভাপতি শেখ রেজার কাছ থেকে একটি মোবাইল ফোন বাবু কেড়ে নিয়ে যায়। এরপর বাবু হলটির পূর্ণ নিয়ন্ত্রণ গ্রহণ করে। শামীম গ্রুপ এস এম হলে অবস্থান নিয়েছে। ক্যাম্পাসে ভয়ঙ্কর আতংক বিরাজ করছে। যে কোন মুহূর্তে আবার সংঘর্ষ ও প্রাণহানির আশংকা করা হচ্ছে।

শেষ পৃঃ ৪-এর কঃ দেখুন

## আবার জহুরুল হক হল দখল

প্রথম পৃষ্ঠার পর

**২ জনকে বহিষ্কার**

এদিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের গত দুই দিনে হল দখল-পাল্টা দখল ও গোলাগুলীর ঘটনায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ছাত্র লীগের ২ জন নেতাকে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করেছে। এদের মধ্যে শামীম গ্রুপের প্রধান ছাত্র লীগের কেন্দ্রীয় নেতা শামীম আহমেদকে অস্থায়ীভাবে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করা হয়। অপরজন বাবু গ্রুপের প্রধান জহুরুল হক ছাত্র লীগের সভাপতি মইনউদ্দীন আহমদ বাবুকে স্থায়ীভাবে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করা হয়।